2 0 1 8

PG Even Semester (CBCS) Exam., May—2018

বাংলা

(4th Semester)

পাঠক্রম নং : BNGCC–402

(বিশ শতকের দ্বিতীয় পর্বের বাংলা কথাসাহিত্য)

পূর্ণমান : ৭০

উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক

প্রতিটি গুচ্ছ থেকে **একটি** করে প্রশ্ন নিয়ে মোট **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও

ক—গুচ্ছ

১। 'তিতাস একটি নদীর নাম' উপন্যাসটি প্রথম কত বঙ্গাব্দে প্রকাশিত হয়? অনন্তের মার পৈতৃক গ্রামের নাম কী? উপন্যাসের প্রধান তিন নারী চরিত্র বিশ্লেষণ করে কোন্ নারী চরিত্রকে নায়িকার মর্যাদা দেওয়া যেতে পারে সে বিষয়ে তোমার মতামত দাও। ১+১+১২=১৪

২। 'তিতাস একটি নদীর নাম' উপন্যাসে কিশোরের পিতার নাম কী? উপন্যাসের শেষ উপপর্বের নাম কী? লোকসংস্কৃতির উপাদান আলোচ্য উপন্যাসে কীভাবে এবং কেন উপস্থাপিত হয়েছে, বুঝিয়ে দাও। ১+১+১২=১৪

খ—গুচ্ছ

৩। সুবর্ণলতার বাবার নাম কী? সুবর্ণলতা তার মায়ের চিঠি কখন পেয়েছিল? ''পুরুষমানুষের একটা কর্মজীবন আছে ..., মেয়েমানুষের তো সে জীবন নাই, তাই তাহার একান্ত ইচ্ছা হয়, আর কেহ না বুঝুক, তাহার সন্তান যেন তাহাকে বুঝে, যেন তাহার জন্য একটু শ্রদ্ধা রাখে, একটু মমতার নিঃশ্বাস ফেলে।'' 'সুবর্ণলতা' উপন্যাসে মা ও সন্তানের সম্পর্কের নিরিখে মন্তব্যটি পর্যালোচনা করো। ১+১+১২=১৪

৪। কত বছর বয়সে সুবর্ণলতার বিয়ে হয়েছিল? ''সুবর্ণলতা যেমন একটি নারীজীবনের নিত্য সংগ্রামের কথা, তেমনি বন্ধন-জর্জরিত নারীজীবনেরও ইতিহাস।'' আলোচনা করো। ১+১৩=১৪

গ—গুচ্ছ

৫। 'স্পর্শের বাইরে' উপন্যাসের প্রকাশকাল কত? ''মনস্তাত্ত্বিক ও সামাজিক বিধিবিন্যাসের জটিল টানাপোড়েনে এক ভিন্ন মাত্রার উপন্যাস হয়ে উঠেছে 'স্পর্শের বাইরে'।'' বুঝিয়ে দাও। ১+১৩=১৪

৬। 'স্পর্শের বাইরে' উপন্যাসের প্রধান চরিত্রের নাম কী? 'স্পর্শের বাইরে' উপন্যাস 'মানুষ অথবা মানুষ নয়'-এর আখ্যান। সমালোচকের এই মন্তব্যটি কতদূর গ্রহণযোগ্য, বিচার করো। ১+১৩=১৪

ঘ—গুচ্ছ

৭। ‘রহু চণ্ডালের হাড়’ উপন্যাসটি কত সালে প্রকাশিত হয়েছিল? অভিজিৎ সেনের আরো একটি উপন্যাসের নাম লেখো। ‘‘ ‘রহু চণ্ডালের হাড়’ উপন্যাস উত্তরবঙ্গের এক যাযাবর গোষ্ঠীর সংগ্রামের কাহিনি।’’ আলোচনা করো। ১+১+১২=১৪

৮। ‘রহু চণ্ডালের হাড়’ উপন্যাস কত সালে, কি পুরস্কারে সম্মানিত হয়েছিল? উক্ত উপন্যাসটি কীভাবে প্রান্তিক মানুষের টিকে থাকার কাহিনি হয়ে উঠেছে, উপনিবেশোত্তর চেতনার আলোকে বুঝিয়ে দাও। ২+১২=১৪

ঙ—গুচ্ছ

৯। প্রফুল্ল রায় রচিত প্রথম গল্প কোন্‌টি? গল্পটি কোন্ পত্রিকায় প্রকাশিত হয়েছিল? ‘‘আজীবন মানুষ নামে এক মহাদেশকে আমি বার বার আবিষ্কার করে যাব।’’ এই ধ্রুবপদটিই প্রফুল্ল রায়ের গল্পভুবনের মূল অভিমুখকে চিহ্নিত করেছে। প্রাসঙ্গিক গল্প অবলম্বনে বিষয়টি পর্যালোচনা করো। ১+১+১২=১৪

১০। প্রফুল্ল রায়ের বিহার-কেন্দ্রিক দুটি গল্পের নাম লেখো। ‘‘সংগ্রামশীল প্রান্তজনের কথকতাই শুধু নয়, তাঁর গল্পে নাগরিক মধ্যবিত্তের জীবনরূপও ফুটে উঠতে দেখা যায়।’’ পর্যালোচনা করো। ২+১২=১৪

★★★